



তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
Web: www.doict.gov.bd

বনমালী ভৌমিক
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: +৮৮০২৮১৮১১০০ (অফিস)
ফ্যাক্স: +৮৮০২৮১৮১১০২
Email: banamalibhowmick@doict.gov.bd

ডি ও পত্র নং- ৫৬.০৪.০০০০.০০৩.১৮.০৩২.১৬-৮৪৪

তারিখ: ২২ আষাঢ় ১৪২৪ বঙ্গাব্দ
০৬ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

প্রিয়,

শুভেচ্ছা নিবেন। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের সাবেক সহকারী প্রোগ্রামার মৃত মোঃ আব্দুল হান্নান, গোয়ালন্দ, রাজবাড়ী-তে কর্মরত থাকাকালীন এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় বিগত ৩০/০৬/২০১৭ খ্রিস্টাব্দ তারিখে তাঁর মৃত্যু ঘটে। তাঁর অকাল মৃত্যুতে আমরা গভীরভাবে শোকাহত।

আমরা শ্রদ্ধার সাথে স্মরণ করছি যে, দুর্ঘটনা পরবর্তী সময়ে আপনার তাৎক্ষণিক সক্রিয় আন্তরিক সহযোগিতায় ও তৎপরতায় গুরুতর আহত অবস্থায় তাঁকে হাসপাতালে স্থানান্তর করা হয়। আপনি দীর্ঘসময় হাসপাতালে অবস্থান করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ নিহতের পরিবারের সদস্যদের যাতায়াত ও থাকার ব্যবস্থা করে পরিবারকে কৃতজ্ঞতা পাশে আবদ্ধ করেছেন। এছাড়াও গত ০১/০৭/২০১৭ খ্রিস্টাব্দ তারিখে দুর্ঘটনায় নিহতের লাশ দাফন-কাফনের জন্য তাঁর পরিবারের নিকট হস্তান্তরের ব্যবস্থাসহ নিহতের বাড়িতে উপস্থিত থেকে শোক সন্তপ্ত পরিবারকে সাধনা প্রদান, লাশ দাফন-কাফনের ব্যবস্থা এবং নামাজে জানাজায় অংশগ্রহণসহ নিহতের পরিবারবর্গকে সমবেদনা জানান ও বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন।

আপনার আন্তরিক প্রচেষ্টা, সহযোগিতামূলক মনোভাব ও মানবিক গুণাবলী আমাদেরকে মুগ্ধ করেছে। আপনার ইতিবাচক পদক্ষেপের কারণে উক্ত নিহতের পরিবার ও আইসিটি অধিদপ্তর পরিবার আন্তরিকভাবে সন্তুষ্টি প্রকাশ করছে।

জেলা প্রশাসক হিসেবে আপনার এধরনের অনুসরণীয় দৃষ্টান্ত স্থাপনের জন্য আপনার প্রতি আমাদের আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি এবং কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

আন্তরিকভাবে আপনার

(বনমালী ভৌমিক)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ফোন: +৮৮০ ২ ৮১৮১১০০ (অফিস)
banamalibhowmick@doict.gov.bd

জনাব মোঃ শওকত আলী
জেলা প্রশাসক
রাজবাড়ী।

অনুলিপি:

- ১। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সচিবের একান্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। অফিস কপি।